দামুড়হুদায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় দামুড়হুদা ডাক বাংলা চত্তরে।

বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা, দারিদ্র্যমুক্ত ও অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়বোই।

এই শ্লোগানকে সামনে রেখে উক্ত অনুষ্ঠানে জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে, এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন – সাধারণ সম্পাদক আঃ আজিজ, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য এ্যাডঃ সিরাজুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলী।

দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাবেক আহবায়ক এ্যাডঃ আবু তালেব এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ হাশেম মেম্বার, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীগের সাধারণ সম্পাদক আবু তালেব মাষ্টার,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ রাজ্জাক ফাকের মাষ্টার।নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ সালাম, ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, সহ সভাপতি সাইফুল ইসলাম।দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম,সাবেক সাধারণ সম্পাদক নিশান তরফদার।দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি শেখ সোহেল, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহ্বায়ক আঃ করিম, সাবেক ছাত্রলীগ নেতা আনারুল, দর্শনা কলেজ

ছাত্রলীগ নেতা হৃদয় হাসান, নাহিদ বিশ্বাস অনিক , সবুজ সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন, দামুড়হুদা খাঁনপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা জয়নাল আবেদীন।

মুজিবনগরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

১০ই জানুয়ারী ১৯৭২ সালের এই দিনে পাকিস্তানের সেই অন্ধকার প্রকোষ্ঠ থেকে মুক্তি পেয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে পূর্ণতা পায় বাংলাদেশের স্বাধীনতা। পাকিস্তান থেকে লন্ডন, লন্ডন থেকে দিল্লি এবং দিল্লি থেকে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন বঙ্গবন্ধুর এই যাত্রা ছিল অন্ধকার থেকে আলোর পথে যাত্রা।

সেই বিশেষ দিনটিকে স্মরণ করতে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেট থেকে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতির পাদদেশে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম। দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব,সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর